



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ আগস্ট ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে সেনাবাহিনী কর্তৃক সুমন চাকমা নামে এক ব্যক্তিকে গুলি করে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ২৩ আগস্ট ২০১৯ শুক্রবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে সাজেকে সেনাবাহিনী কর্তৃক সুমন চাকমা (৪৫) নামে এক ব্যক্তিকে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ সকাল ১০টার সময় বাঘাইহাট জোন থেকে একদল সেনা সদস্য রতকাবা দ্বপদা (লাদুমনি বাজার) এলাকায় হানা দেয়। এ সময় সেনারা সেখানে একটি দোকানে অবস্থানরত সুমন চাকমাকে প্রথমে আটকের পর মারধর করে মাথা ফেটে দেয়। এরপর কিছুদূর নিয়ে গিয়ে কথিত বন্দুকযুদ্ধের নাটক সাজিয়ে গুলি করে হত্যা করে।

নিহত সুমন চাকমা সাজেক ইউনিয়নের বাইবা ছড়া গ্রামের বিজয় চাকমার ছেলে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা উদ্বেগ প্রকাশ করে বলেন, রাষ্ট্রীয় বাহিনী কর্তৃক বিনা বিচারে একজন মানুষকে আটকের পর গুলি করে হত্যার ঘটনা খুবই উদ্বেগজনক। জনমনে ভীতি সঞ্চার করতে সমতলের কথিত বন্দুকযুদ্ধের ন্যায় পার্বত্য চট্টগ্রামেও এক ভয়াবহ অবস্থা সৃষ্টি করা হচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

বিবৃতিতে তিনি সুমন চাকমাকে হত্যার বিচার ও কথিত বন্দুকযুদ্ধের নামে বিনাবিচারে মানুষ হত্যা বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

বিলক্ষণ চাকমা

সদস্য, প্রেস সেকশান

ইউপিডিএফ

রাঙামাটি জেলা ইউনিট।